



উচ্ছেদের সম্মুখীন হওয়া ভাড়াটেদের জন্য আইনি  
পরিষেবাগুলিতে সর্বজনীন অ্যাক্সেস প্রদানের জন্য NYC  
নাগরিক ন্যায়ের অফিসের প্রোগ্রাম  
(Office of Civil Justice's Programs)

2017 সালে, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল স্থানীয় আইন 136 পাস করেছিল, যা এখন NYC প্রশাসনিক কোডের টাইটেল 26-এর অধ্যায় 13 হিসাবে কোড করা হয়েছে, যেটি নিউ ইয়র্ক সিটির ঐতিহাসিক রাইট-টু-কাউন্সেল আইন হিসাবেও পরিচিত, যা নাগরিক ন্যায়ের অফিস (Office of Civil Justice, OCJ)-কে নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA)-এর প্রশাসনিক কাজকর্মে আবাসিক কোর্টে উচ্ছেদের বা ভাড়াটে চুক্তির অবসানের সম্মুখীন ভাড়াটেদের আইনি পরিষেবাদিতে অ্যাক্সেস প্রদান করার দায়ভার দিয়েছে। আইনটি এটা দাবি করে যে নাগরিক ন্যায় সমন্বয়কারী এই সমস্ত প্রোগ্রাম সম্বন্ধে সুপারিশ এবং প্রতিক্রিয়া পেতে একটি বার্ষিক গণ শুনানি অনুষ্ঠিত করবে।

কখন ও কোথায় শুনানি হবে?

শুক্রবার, 24 ফেব্রুয়ারি 2023

6 P.M. থেকে 9 P.M. পর্যন্ত

COVID-19-এর জন্য শুনানিটা দূরবর্তীভাবে Zoom-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে

আমি কীভাবে অংশগ্রহণ করতে পারি?

গণ শুনানিতে যে কেউ অনলাইনে বা ফোনে অংশ নিতে পারেন। আপনি এগুলির দ্বারা আইনি পরিষেবার সার্বজনীন অ্যাক্সেস প্রোগ্রামের বিষয়ে মতামত বা প্রতিক্রিয়া প্রদান করতে পারেন:



গণ শুনানি

আপনি 23 ফেব্রুয়ারি 2023 এ বা তার আগে **929-221-5662** নম্বরে ফোন করে বা [civiljustice@hra.nyc.gov](mailto:civiljustice@hra.nyc.gov)-এ ইমেল করে গণ শুনানিতে বক্তব্য রাখতে সাইন আপ করতে পারেন। বক্তারা যে ক্রমে সাইন আপ করবেন সেই ক্রমে তাঁদের বক্তব্য রাখতে ডাকা হবে এবং আপনি তিন মিনিট পর্যন্ত কথা বলতে পারবেন।

অনলাইনে (ভিডিও এবং অডিও):

<https://us02web.zoom.us/j/85298306596pwd=TGFQV0p0S1lvd2pVQzZuTXZyLzZFPZzO9>-এ যান

বা [Zoom.us](https://zoom.us)-এ যান। “মিটিংয়ে যোগ দিন”-এ ক্লিক করুন। **মিটিং আইডি 852 9830 6596** এন্টার করুন এবং **পাসকোড: DSS**

ফোনের দ্বারা (শুধুমাত্র অডিও):

**(646) 876-9923** নম্বরে ফোন করুন। জিজ্ঞেস করা হলে, **মিটিং আইডি** প্রবেশ করান: 852 9830 6596 এবং **পাসকোড: 326620**



ডাকযোগে

আপনি এই ঠিকানায় মতামত  
লিখে পাঠাতে পারেন:

Office of Civil Justice / ATTN: শুনানির মন্তব্যসমূহ (HEARING  
COMMENTS)

NYC DSS Office of Legal Affairs  
150 Greenwich Street, 38th Floor  
New York, NY 10007



ইমেল

আপনি মতামত লিখে [civiljustice@hra.nyc.gov](mailto:civiljustice@hra.nyc.gov)-এ ইমেল পাঠাতে পারেন।

অনুগ্রহ করে আপনার ইমেলের সাবজেক্ট লাইনে “শুনানির মন্তব্যসমূহ (Hearing Comments)” অন্তর্ভুক্ত করবেন।

লিখিত মন্তব্য জমা করানোর শেষ তারিখ হল 24 ফেব্রুয়ারি 2023

আপনার যদি শুনানিতে অংশগ্রহণ করার জন্য সহায়তা প্রয়োজন হয়, যেমন কোনও দোভাষী বা কোনও প্রতিবন্ধকতার জন্য বিশেষ ব্যবস্থা, তাহলে আপনাকে অবশ্যই আমাদের **23 ফেব্রুয়ারি 2023** এর মধ্যে তা জানাতে হবে। আমাদের **929-221-5662**; নম্বরে কল করতে পারেন; [civiljustice@hra.nyc.gov](mailto:civiljustice@hra.nyc.gov); -এ আমাদের ইমেল করতে পারেন; অথবা উপরের ঠিকানায় ডাকযোগে চিঠি পাঠাতে পারেন।

শুনানির একটা অনুলিপি জনগণের উদ্দেশ্যে OCJ-এর ওয়েবসাইট, [nyc.gov/civiljustice](http://nyc.gov/civiljustice)-এ, শুনানির কয়েক সপ্তাহ পরে উপলব্ধ করা হবে।

আরও তথ্যের জন্য OCJ-এর ওয়েবসাইট, [nyc.gov/civiljustice](http://nyc.gov/civiljustice) দেখুন